শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

টেলিফোনঃ ০৪৪১- ৬২৮৭৫, ৬২২২০ **Email:** gmppbs@hotmail.com WEB: pbs.patuakhali.gov.bd

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০২.০০৮.১৯. ২৯৬৭

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

" নিয়োগ বিজ্ঞপ্তি "

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১	সহকারী ক্যাশিয়ার (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)।	২টি (সংখ্যা কম/ বেশী হতে পারে)	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০/- হতে ৩২,৭৪০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	ক) এসএসসি /সমমান ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় নুন্যতম ২য় বিভাগ অথবা জিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) প্রার্থীর পারিবারিক স্বচ্ছলতা থাকতে হবে এবং তা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে। ঙ) প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করতে হবে।	ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, বগুড়া, চাঁদপুর, কক্সবাজার, নওগাঁ, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, মুন্সিগঞ্জ, নোয়াখালী, গাজীপুর, সিরাজগঞ্জ, নেত্রকোনা, দিনাজপুর, ফেনী, রংপুর, লালমনিরহাট, গাইবান্ধা, কুষ্টিয়া, খুলনা, মানিকগঞ্জ, শেরপুর, রাজশাহী, ঝিনাইদহ, নরসিংদী, ঠাকুরগাঁও, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, টাঙ্গাইল, পঞ্চগড়, লক্ষীপুর, পাবনা, যশোর, চাঁপাইনবাবগঞ্জ, ফরিদপুর ও নড়াইল জেলার স্থায়ী ঠিকানার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এছাড়া অন্য জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০২	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত)	৩টি (সংখ্যা কম/ বেশী হতে পারে)	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০/- হতে ৩২,৭৪০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	ক) এসএসসি /সমমান ও এইচএসসি অথবা সমমান পরীক্ষায় নুন্যতম ২য় বিভাগ অথবা জিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে। ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজী ব্যাকরণ ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। ঙ) সম্পাদিত কার্য্যাদি সু-বিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনে দক্ষ অথবা সক্ষম হতে হবে।	

০৩	অফিস সহায়ক	৩ টি (সংখ্যা কম/ বেশী হতে পারে)	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০/- হতে ২৭,৮৫০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	ক) এস.এস.সি/সমমান পরীক্ষার উত্তীর্ণ হতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে । ঘ) বাই সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিস্কার, পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে।	
০৪	ড্রাইভার	১টি (সংখ্যা কম/ বেশী হতে পারে)	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৬,৬০০/- টাকা হতে ২৯,৯০০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	সাবলীলভাবে বাংলা পড়া ও লেখার ইংরেজী শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্ন হতে হবে। সময়, রিপোর্ট ও সিডিউল সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকতে হবে। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত হালকা গাড়ী চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ যানবাহন চালনা ও রক্ষণাবেক্ষণ কাজে সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত/বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। যা ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির তারিখ হতে গণনা করা হবে। বিগত ০৩ (তিন) বছরে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তর্ণী হতে হবে (লিখিত পরীক্ষা হবে ছোট ধরণের ইঞ্জিন রিপিয়ারিং টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি) । সিভিল সার্জন/নিয়োগকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তর্ণী হতে হবে।	

শর্তাবলী:

০১। আবেদনকারীগনকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (**WEB:pbs.patuakhali.gov.bd**) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (**WEB:reb.gov.bd**) হতে আবেদন ফর্ম (ফর্ম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১৯/১২/২০১৯খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতিত অন্য কোন আবেদন ফর্মে/সাদাকাগজে/ টাইপকৃত/ সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য ফরম-এর সাথে সংযুক্ত প্রবেশ পত্রে যেভাবে দিক নির্দেশনা দেওয়া আছে সেভাবে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০২। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রস পোস্টাল অর্ডার এবং সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্র, নাগরিক সনদ পত্র, চারিত্রিক সনদ পত্র ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রসহ সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি (নাম ও পদবীর সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে) সংযুক্ত করতে হবে।

০৩। আগামী ০১/১২/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়সের প্রমানক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ প্রদান করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে। উল্লেখ্য যে, সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তির পর সুদ সহ ফেরত প্রদান করা হবে।